


৬ কালের কণ্ঠ

। শুক্রবার । ২৬ সেপ্টেম্বর ২০২৫ । ১১ আশ্বিন ১৪৩২ ।



বিশ্ব ফার্মাসিস্ট দিবস উপলক্ষে গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে শোভাযাত্রার আয়োজন করা হয়। ছবি : কালের কণ্ঠ

নর্থ সাউথে ফার্মাসিস্ট দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক ▷

‘ভাবনায় স্বাস্থ্য, ভাবনায় ফার্মাসিস্ট’ প্রতিপাদ্যে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে (এনএসইউ) পালিত হলো বিশ্ব ফার্মাসিস্ট দিবস ২০২৫। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বিভাগ ও এনএসইউ ফার্মাসিউটিক্যাল ক্লাবের যৌথ উদ্যোগে শোভাযাত্রা, আলোচনা সভা, শিক্ষার্থী-শিক্ষক ইন্টার্যাক্টিভ সেশন এবং জনসচেতনতামূলক কার্যক্রমের আয়োজন করা হয়। আয়োজনে মিডিয়া পার্টনার ছিল কালের কণ্ঠ।

এ বছর দিবসটির প্রতিপাদ্য ঠিক করা হয়েছে ‘ভাবনায় স্বাস্থ্য, ভাবনায় ফার্মাসিস্ট’। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আব্দুল হান্নান চৌধুরী জনস্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্যব্যবস্থা শক্তিশালীকরণে ফার্মাসিস্টদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ভারপ্রাপ্ত উপ-উপাচার্য অধ্যাপক আব্দুর রব খান, স্বাস্থ্যবিজ্ঞান স্কুলের ডিন অধ্যাপক ড. দিপক কুমার মিত্র, সাইনোভিয়া ফার্মার সেলস ও মার্কেটিং বিভাগের পরিচালক সৈয়দ এ বি তাহমিদ এবং ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হুসেন শাহরিয়ার।

বক্তারা উল্লেখ করেন, দক্ষ ও নৈতিক ফার্মাসিস্টরা শুধু ওষুধ ব্যবস্থাপনার সঙ্গে সম্পৃক্ত নন, বরং স্বাস্থ্যনীতি, গবেষণা ও প্রতিরোধমূলক পরিচর্যায়ও গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। আলোচনায় আরো বলা হয়, স্বাস্থ্যসেবার টেকসই উন্নয়ন নিশ্চিত করতে ফার্মাসিস্টদের ভূমিকা অপরিহার্য। তাই নীতি প্রণয়ন থেকে শুরু করে সম্প্রদায়ভিত্তিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতেও তাঁদের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন।